

# KANYASHREE UNIVERSITY

M.A. 2<sup>nd</sup> Semester Examination-2024

Subject: Bengali

Course-CC 10

Bengali Fiction & Short story

পূর্ণমান-৪০

সময় -২ ঘণ্টা

## বিভাগ - ক

যে কোনো চারটি প্রশ্নের উত্তর দিন

[৫ X ৪ = ২০]

- ১। 'হুতোম প্যাঁচার নকশা'য় 'মিউটিনি' নামক নকশার তাৎপর্য কি?
- ২। উপকাহিনির সংযোজনের যৌক্তিকতা অনুসরণে 'রাজসিংহ' উপন্যাসে নির্মলকুমারী ও মানিকলাল উপকাহিনির সার্থকতা বিচার করুন।
- ৩। 'রাজ সিংহ' উপন্যাসের অষ্টম খণ্ডে 'আগুনে কে কে পুড়িল' নামাঙ্কিত অংশে লেখক 'আগুন' বলতে কী ইঙ্গিত করেছেন এবং সে আগুনে কারা দগ্ধ হয়েছিল তা উল্লেখ করুন।
- ৪। "স্বর্ণলতা" উপন্যাসে হাস্যরসসৃজনে লেখকের দক্ষতা বিচার করুন।
- ৫। "স্বর্ণলতা" উপন্যাসের রূপকথাধর্মিতা উল্লেখ করুন।
- ৬। 'মেঘ ও রৌদ্র' গল্পের নামকরণের সার্থকতা বিচার করুন।
- ৭। 'ক্ষুধিত পাষণ' গল্পে মেহের আলী চরিত্রের অবতারণার কারণ নির্ণয় করুন।

## বিভাগ - খ

যে কোনো দু'টি প্রশ্নের উত্তর দিন

[১০ X ২ = ২০]

- ১। "বাংলা গদ্যভাষার প্রয়োগেরীতির ক্ষেত্রে 'হুতোম প্যাঁচার নকশা' গ্রন্থে কালীপ্রসন্ন সিংহ এক বৈপ্লবিক পরিবর্তনের সূচনা করলেন" ...দৃষ্টান্ত সহ আপনার অভিমত ব্যক্ত করুন।
- ২। "রাজসিংহ" উপন্যাসের চতুর্থ সংস্করণ এর ভূমিকায় লেখক মন্তব্য করেছেন, "আমি পূর্বে কখনো ঐতিহাসিক উপন্যাস লিখি নাই, এই প্রথম ঐতিহাসিক উপন্যাস লিখিলাম।" ..... ঐতিহাসিক উপন্যাসের বৈশিষ্ট্য অনুসারে এই উপন্যাসটি কতদূর সার্থক ও শিল্পসম্মত হয়েছে তা বিশ্লেষণ করুন।
- ৩। বঙ্কিম সমকালীন যুগে রচিত হলেও তারকনাথ গঙ্গোপাধ্যায়ের 'স্বর্ণলতা' উপন্যাসটির বিপুল জনপ্রিয়তার কারণরূপে এর মৌলিকতা ও বৈশিষ্ট্যগুলি সূত্রাকারে উল্লেখ করুন।
- ৪। 'জীবিত ও মৃত' গল্পে একই নারীর মধ্যে দ্বিমুখী সত্তার যে মনস্তাত্ত্বিক দ্বন্দ্ব ও তার ফলে উদ্ভূত যে সমাজ সংকটের চিত্র গল্পকার তুলে ধরেছেন তার সার্থকতা বিচার করুন।

\*\*\*\*\*